

আরও অর্থ পাওয়া যাচ্ছে: সরকারের সম্প্রসারিত প্রোগ্রামটি আপনার ব্যবসা বা লাভের জন্য পরিচালিত নয় এমন প্রতিষ্ঠান চালু রাখার জন্য 10 মিলিয়ন ডলার পর্যন্ত দিতে পারে

এখনই ব্যবস্থা নিন: আগে আসলে আগে পাবেন ভিত্তিতে পিপিপি (PPP) প্রোগ্রামের 310 বিলিয়ন ডলার যোগ করা হয়েছে

এইটি কি?

U.S. স্মল বিজনেস এডমিনিস্ট্রেশন (SBA) পে-চেক প্রটেকশন প্রোগ্রাম (U.S. Small Business Administration Paycheck Protection Program)

দুই বছর মেয়াদী 1% হার সূদে ঋণ যা আপনাকে পরিশোধ করতে নাও হতে পারে

এই ঋণ ক্ষুদ্র ব্যবসার কর্মীদের বেতন অব্যাহত রাখতে উৎসাহিত করা জন্য ডিজাইন করা হয়েছে

SBA (এসবিএ) ঋণ মওকুফ করা হবে যদি সকল কর্মচারীদেরকে আট সপ্তাহের বেতন দেয়া হয় এবং এই অর্থ বেতন, ভাড়া, মর্টগেজের সূদ বা ইউটিলিটি বিল পরিশোধের জন্য ব্যবহৃত হয়

কারা উপযুক্ত?

500 জনের কম সংখ্যক কর্মচারীর ব্যবসায়িক এবং অলাভজনক প্রতিষ্ঠান সমূহ

আপনি কিভাবে এইটি পাবেন?

আপনার ব্যবসার ব্যাংকে খোঁজ নিন যে, তারা ফেডারেল SBA পে-চেক প্রটেকশন প্রোগ্রাম প্রদান করছে কিনা

যদি আপনার ব্যাংকে এই প্রোগ্রাম থাকে: তারা আপনার আবেদন প্রকৃয়া সম্পন্ন করতে সহায়তা করবে

যদি আপনার ব্যাংক এই প্রোগ্রাম অফার না করে থাকে: তবে [সাধারণ SBA ব্যাংকগুলোর তালিকার](#) জন্য দেখুন।

এই ঋণ কি কভার করে?

এই ঋণ সম্পূর্ণ ভাবে মওকুফ করা হবে যদি তা বায় করা হয়:

- বেতন খাতে
- মর্টগেজের সূদ পরিশোধে
- ভাড়া
- ইউটিলিটি বিল পরিশোধে

আপনার আরও তথ্য বা পরামর্শ প্রয়োজন?

ফেডারেল গভর্নমেন্টের [এই প্রোগ্রামের বিষয়ের পৃষ্ঠাটি](#) দেখুন

SBA -র [পে-চেক প্রটেকশন প্রোগ্রাম ওয়েবসাইট](#) দেখুন

আপনাকে সহায়তার জন্য কিছু ক্ষুদ্র ব্যবসা কেন্দ্র সমূহ রয়েছে: [নিউ ইয়র্ক স্মল বিজনেস ডেভেলপমেন্ট সেন্টার ওয়েবসাইট](#) দেখুন